# ৫০% পার্টনারশিপ / প্রফিট শেয়ারিং এগ্রিমেন্ট

প্রজেক্টের নামঃ ORCA / AURUM
ডিপোজিটঃ________________
প্রফিট শেয়ারিংঃ ৫০%/৫০%

১। চুক্তির উদ্দেশ্য - এই চুক্তির উদ্দেশ্য হলো উভয় পক্ষের সম্মতিতে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা এবং লাভ ৫০% - ৫০% ভিত্তিতে ভাগ করা।

২। বিনিয়োগ ও লাভ বন্টন - প্রথম পক্ষ সম্পূর্ণ মূলধন (Capital) প্রদান করবে। - ব্যবসা চলাকালীন অর্জিত সকল লাভ ৫০% - ৫০% ভিত্তিতে ভাগ হবে। - প্রতিটি লাভ/ইনকাম থেকে দ্বিতীয় পক্ষ ৫০% পাবে।

৩। মূলধন ও নিরাপত্তা - ব্যবসা চলাকালীন সময় প্রথম পক্ষের মূলধন সংরক্ষিত থাকবে। - যদি ব্যবসায় কোনো ক্ষতি হয়, তবে মূলধন ব্যবসার আয় থেকে সমন্বয় করা হবে। - যদি ব্যবসার ক্ষতি বা যেকোনো পরিস্থিতিতে মূলধন সম্পূর্ণ বা আংশিকভাবে ঘাটতি হয়, তাহলে দ্বিতীয় পক্ষ সেই ঘাটতি পূরণ করতে বাধ্য থাকবে, কারণ সে লাভের ৫০% অংশ গ্রহণ করছে।

৪। দায়িত্বসমূহ -
প্রথম পক্ষের দায়িত্ব  সকল একাউন্ট পরিচালনা ও ম্যানেজমেন্ট - ইনকাম, ব্যালেন্স ও লেনদেন মনিটর করা - অর্জিত ইনকাম থেকে ৫০% অংশ দ্বিতীয় পক্ষকে নিয়মিত প্রদান করবে।

দ্বিতীয় পক্ষের দায়িত্ব**:** - ব্যবসা উন্নয়নের জন্য পরিকল্পনা ও পরামর্শ প্রদান - ব্যবসা ক্ষতির সম্মুখীন হলে (যেমন সম্পূর্ণ মূলধন হারানো বা স্ক্যাম পরিস্থিতি) সেই ক্ষতি পূরণে সহায়তা করা - দীর্ঘমেয়াদে ব্যবসা বৃদ্ধিতে সহায়তা করা

৫। ইনকাম শেয়ারিং ও অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ সংক্রান্ত শর্তাবলী
**1.** প্রথম পক্ষ প্রতিদিন অর্জিত মোট আয়ের (Income) ৫০% (পঞ্চাশ শতাংশ) দ্বিতীয় পক্ষকে প্রদান করতে বাধ্য থাকবে।

**2.** প্রথম পক্ষ টানা ১৫ (পনেরো) দিন কোনো অর্থ প্রদান না করলে, দ্বিতীয় পক্ষ সংশ্লিষ্ট অ্যাকাউন্টের নিয়ন্ত্রণ গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে। এ ক্ষেত্রে প্রথম পক্ষ প্রয়োজনীয় অ্যাকাউন্ট অ্যাক্সেস, লগইন তথ্য বা ব্যবস্থাপনার অধিকার দ্বিতীয় পক্ষকে

প্রদান করতে সম্মত থাকবে, যাতে বকেয়া অর্থ ও ব্যবসায়িক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা যায়।

৬। চুক্তি বাতিল - প্রথম পক্ষ চুক্তি বাতিল করতে চাইলে মূলধনের উপর ১০% দ্বিতীয় পক্ষকে দিয়ে বাতিল করতে হবে
(যদি মূলধনের উপরে ১০% না দিয়ে চুক্তি বাতিল করেন, প্রফিট শেয়ারিং না করেন তাহলে প্রথম পক্ষ অ্যাকাউন্ট এর সকল ক্ষমতা দ্বিতীয় পক্ষ পেয়ে যাবে এরপরে প্রথম পক্ষ কোন দাবি করতে পারবেন না )
১০% ফি প্রদান করে চুক্তি বাতিল করতে পারবে। - চুক্তি বাতিলের পর কোনো ক্ষতি, লোকসান বা স্ক্যাম পরিস্থিতির জন্য দ্বিতীয় পক্ষ দায়ী থাকবে না।

৭। ঝুঁকি স্বীকারঃ উভয় পক্ষ স্বীকার করেন যে ফিজিক্যাল ব্যবসার তুলনায় অনলাইন ব্যবসায় ঝুঁকি বেশি। - বেশি ঝুঁকি গ্রহণ করলে বেশি ইনকাম সম্ভব। - ঝুঁকি গ্রহণ না করলে ইনকাম কম হবে এটা স্বাভাবিক সুতরাং এখন আপনি যদি ঝুঁকি না নিয়ে প্রফিট শেয়ারিং এগ্রিমেন্ট রাজি থাকুন তাহলে চুক্তি করুন।

৮। মূলধন উত্তোলন ও ঝুঁকি বহনের শর্ত:
১। দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের বিনিয়োগকৃত মূলধনের সম্পূর্ণ ঝুঁকি গ্রহণ করবে। ব্যবসায় ক্ষতি, স্ক্যাম বা মূলধনের ঘাটতি হলে, এই চুক্তির শর্ত অনুযায়ী দ্বিতীয় পক্ষ সেই ঝুঁকি বহন করবে।

২। এই ঝুঁকি গ্রহণের বিনিময়ে, প্রথম পক্ষ যদি চুক্তির মেয়াদকালে বা পরবর্তীতে (যেমন ১ বছর বা তার বেশি সময় পরে) তার মূলধন উত্তোলন করতে চান, তাহলে উত্তোলনকৃত মূলধনের ৩০% দ্বিতীয় পক্ষকে ঝুঁকি গ্রহণ ও ব্যবস্থাপনা ফি (Risk & Management Compensation) হিসেবে প্রদান করতে সম্মত থাকবেন।

৩। প্রথম পক্ষ স্বীকার করেন যে, এই শর্তটি শুধুমাত্র অর্জিত লাভের জন্য নয়; বরং দ্বিতীয় পক্ষ দীর্ঘ সময় ধরে মূলধনের সম্পূর্ণ ঝুঁকি গ্রহণ, ব্যবস্থাপনা ও নিরাপত্তার দায়িত্ব পালন করার বিনিময়ে প্রযোজ্য হবে।

৪। এই শর্তে উভয় পক্ষ স্বেচ্ছায় সম্মত থাকবেন এবং পরবর্তীতে মূলধন উত্তোলনের সময় এ বিষয়ে কোনো আপত্তি বা দাবি উত্থাপন করবেন না।

### উদাহরণ **(Example)** ধরা যাক,

প্রথম পক্ষ একটি প্রজেক্টে $10,000 বিনিয়োগ করেছেন। প্রথম ২ মাস ব্যবসা স্বাভাবিকভাবে চলেছে এবং উভয় পক্ষ $2,500 করে লাভ (মোট $5,000 লাভ) গ্রহণ করেছেন। কিন্তু ২ মাস পর হঠাৎ কোম্পানি সম্পূর্ণ স্ক্যাম করে বা বন্ধ হয়ে যায়। সে ক্ষেত্রে প্রথম পক্ষ ইতোমধ্যে $2,500 লাভ পেয়েছেন, তাই অবশিষ্ট $7,500 মূলধন দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে পরিশোধ করতে বাধ্য থাকবে, কারণ দ্বিতীয় পক্ষ মূলধনের ঝুঁকি গ্রহণ করেছে। অন্যদিকে, যদি কোম্পানি স্ক্যাম না করে এবং ব্যবসা সফলভাবে চলতে থাকে, তাহলে প্রথম পক্ষ নিয়মিত লাভের ৫০% দ্বিতীয় পক্ষকে প্রদান করবেন। ভবিষ্যতে প্রথম পক্ষ যদি নিজের মূলধন উত্তোলন করতে চান, তাহলে *ধারা ৮ অনুযায়ী উত্তোলিত মূলধনের ৩০% দ্বিতীয় পক্ষকে ঝুঁকি গ্রহণ ও ব্যবস্থাপনা ফি (Risk & Management Compensation) হিসেবে প্রদান করবেন। উভয় পক্ষ এই শর্তাবলী সম্পূর্ণরূপে বুঝে, স্বেচ্ছায় এবং কোনো প্রকার চাপ বা প্রলোভন ছাড়াই এই চুক্তিতে সম্মতি প্রদান করছেন।

এই চুক্তিপত্রটি দুই পক্ষের মধ্যে সম্পাদিত হলো তারিখ____________

১। প্রথম পক্ষ **(বিনিয়োগকারী):**
নাম: ____________________
ঠিকানা: ___________________
মোবাইল: ___________________
স্বাক্ষর: ____________________

২। দ্বিতীয় পক্ষ **(ম্যানেজমেন্ট):**
নাম: ____________________
ঠিকানা: ___________________
মোবাইল: ___________________
স্বাক্ষর: ____________________